

(ক) দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৯ অনুযায়ী একই কাস্টমস স্টেশনে এক পণ্যাগার হতে অন্য পণ্যাগারে পণ্য অপসারণ করা যাবে। আইনের বিধান অনুযায়ী বন্ডিং মেয়াদের মধ্যে কমিশনার (বন্ড) বা বোর্ড কর্তৃক ক্ষমতা প্রাপ্ত অপর কোন কমিশনার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রাপ্ত অন্য কোন কর্মকর্তার অনুমতিক্রমে কমিশনার যেমন নির্দেশ করবেন তেমন শর্তাবলীতে এবং জামানত পেশের পর একই শুল্ক স্টেশনে অবস্থিত এক ওয়্যার হাউস হতে অন্য কোন ওয়্যার হাউসে পণ্য অপসারণ করা যাবে। পণ্য অপসারণের জন্য মালিককে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে (সূত্র: দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৯) ;

একই কাস্টমস স্টেশনে এক পণ্যাগার হতে অন্য পণ্যাগারে এবং এক পণ্যাগার স্টেশন হতে অন্য পণ্যাগার স্টেশনে পণ্য স্থানান্তরের কি কি বিধান অনুসরণীয় ?

(খ) একই পণ্যাগার স্টেশন হতে অন্য পণ্যাগার স্টেশনে পণ্য অপসারণের ক্ষেত্রে দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১০০, ১০১, ১০২ ও ১০৩ অনুসরণীয় হবে। আইনের বিধান অনুযায়ী-

(১) ৯৮ ধারা অনুযায়ী বন্ডিং সময় সীমার মধ্যে পণ্যের মালিক যখন পণ্য অপসারণের ইচ্ছা করেন তখন বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে এবং পদ্ধতিতে অপসারণযোগ্য পণ্যের নাম, যে কাস্টমস স্টেশনে অপসারিত হবে তা উল্লেখ পূর্বক কমিশনারের নিকট আবেদন করবেন;

(২) উক্তরূপ স্থানান্তর যখন মঞ্জুর করা হয় তখন যে স্টেশন হতে পণ্য অপসারণ হবে সে শুল্ক স্টেশনের যথোপযুক্ত কর্মকর্তা গন্তব্য শুল্ক স্টেশনের যথোপযুক্ত কর্মকর্তার নিকট পণ্যের বিবরণ সম্বলিত একটি হিসাব প্রেরণ করবেন। পণ্য অপসারণের পূর্বের পণ্যের মালিক কমিশনার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পণ্য গন্তব্যের কাস্টমস স্টেশনে ওয়্যার হাউসে সঠিকভাবে পৌঁছা ও গুদামজাত করণের জন্য সংশ্লিষ্ট পণ্যের উপর আরোপযোগ্য শুল্ক করের অন্যান্য সমপরিমাণ অর্থের একটি বন্ড দাখিল করবেন। উক্ত বন্ড মালিকের সর্বোত্তম সুবিধা অনুসারে অপসারণ স্টেশনে বা গন্তব্যের স্টেশনে গ্রহণ করা যাবে। অনুমোদিত সময় সীমার মধ্যে স্থানান্তরযোগ্য পণ্য গন্তব্যের স্টেশনে গুদামজাত না হলে বা নতুন হিসাব না পাওয়া এবং ক্ষতিগ্রস্ত পণ্যের উপর শুল্ক পরিশোধ না হওয়া পর্যন্ত দাখিলকৃত বন্ড অবমুক্ত করা যাবে না। তবে ধারা ১০১-এ যাই থাকুক না কেন গুদামজাতকৃত পণ্য অপসারণের ক্ষেত্রে কমিশনার যেকোন উপযুক্ত মনে করবেন সেরূপ শর্তাবলী নির্ধারণ করতে পারবেন;

(৩) আবার ধারা ১০২ অনুযায়ী কমিশনার এরূপ পণ্য অপসারণের ক্ষেত্রে যথাযথ গন্তব্যে পৌঁছা ও গুদামজাত করণে ইচ্ছুক ব্যক্তিকে যেমন অনুমোদন করবেন তেমন পরিমাণ অর্থের এবং শর্তাবলীর একটি জেনারেল বন্ডে দায়বদ্ধ হওয়ার অনুমতি প্রদান করতে পারবেন;

(৪) গন্তব্যের পণ্যাগারে পৌঁছার পর প্রথম এন্ট্রি ও গুদামজাত করার অনুরূপ পদ্ধতিতে এন্ট্রি ও গুদামজাত হবে। এ বিষয়ে প্রযোজ্য সকল আইন ও বিধিমালা দ্বারা নিয়ন্ত্রণ প্রযোজ্য হবে (সূত্র: দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১০০, ১০১, ১০২ ও ১০৩)।